
যায়যায়দিন

তারিখ ..16 DEC..2008....



*গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় মাঠে আন্তর্জাতিক বইমেলা উদ্বোধন করেন ড. ফখরুদ্দীন আহমদ -যাযাদি*

# ঢাকা আন্তর্জাতিক বইমেলা শুরু

যাযাদি রিপোর্ট

'শান্তিময় বিশ্বের জন্য বই' স্লোগানকে প্রতিপাদ্য করে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে শুরু হয়েছে পক্ষকালব্যাপী ঢাকা আন্তর্জাতিক বইমেলা। জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে আয়োজিত এ বইমেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ। ঢাকা বইমেলাকে এবার ঢাকা আন্তর্জাতিক বইমেলা নামকরণ করা হয়েছে।

প্রধান অতিথির বক্তব্যে প্রধান উপদেষ্টা বলেন, বুদ্ধিবৃত্তিক সমাজ গড়তে দেশের লেখক, প্রকাশক ও পাঠকদের মধ্যে সুসম্পর্ক প্রয়োজন। প্রকাশকদের উদ্দেশে তিনি বলেন, বই পাঠকদের কাছে সহজপ্রাপ্য করতে হবে। বইমেলার প্রতিপাদ্য বিষয়কে বর্তমান বিশ্বের জন্য অত্যন্ত সময়োপযোগী বলে মন্তব্য করেন প্রধান উপদেষ্টা। তিনি বলেন, লেখক, পাঠক ও প্রকাশকরা শান্তিপূর্ণ সমাজ গঠনে ভূমিকা রাখতে পারেন।

বইমেলায় ১৪৫টি স্টল রয়েছে। প্রতিদিন সকাল ১১টা থেকে রাত ৮টা এবং সরকারি ছুটির দিন সকাল ১১টা থেকে রাত সাড়ে ৮টা পর্যন্ত মেলা খোলা থাকবে। প্রবেশ মূল্য নির্ধারণ করা হয়েছে পাঁচ টাকা। তবে স্কুল শিক্ষার্থীদের জন্য টিকেট লাগবে না।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা রাশেদা কে চৌধুরী, সংস্কৃতি মন্ত্রণালয়ের সচিব মো. শরফুল আলম, জাতীয় গ্রন্থকেন্দ্রের পরিচালক মাহমুদুর রহমান, অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ, ইউপিএলের মহিউদ্দিন আহমেদ প্রমুখ।